# <u>শেখ রাসেল অনলাইন কুইজ প্রতিযোগিতা ২০২২-এ অংশগ্রহণের ক্ষেত্রে</u>
# <u>FAQ (Frequently Asked Question)</u>

**প্রশ্ন-১। শেখ রাসেল অনলাইন কুইজ ২০২২ এ অংশগ্রহণের জন্য লগইন করতে হবে কি?**
উত্তর: হ্যাঁ। আপনি যে গ্রুপে নিবন্ধন করেছেন, যেমন:
গ্রুপ ক: ৩০ সেপ্টেম্বর ২০২২, সন্ধ্যা ৭টা থেকে ৮টার মধ্যে যে কোনো ১০ মিনিট এবং গ্রুপ খ: ০১ অক্টোবর ২০২২, সন্ধ্যা ৭টা থেকে ৮টার মধ্যে যে কোনো ১০ মিনিট সময়ের জন্য লগইন করে কুইজে অংশগ্রহণ করতে হবে।

**প্রশ্ন-২। শেখ রাসেল অনলাইন কুইজ ২০২২ এ অংশগ্রহণ করতে হলে প্রোফাইল সম্পাদন (আপডেট) করতে হবে?**
উত্তর: হ্যাঁ। কুইজে অংশগ্রহণ করতে হলে আবশ্যিকভাবে কুইজ শুরু হওয়ার পূর্বে আপনাকে প্রোফাইল সম্পাদন করতে হবে। অন্যথায় কুইজে অংশগ্রহণ করতে পারবেন না।

**প্রশ্ন-৩। শেখ রাসেল অনলাইন কুইজ প্রতিযোগিতা ২০২২ কিভাবে শুরু করতে হবে?**
উত্তর: লগইন করার পর **'কুইজ শুরু করুন'** বাটনে ক্লিক করে কুইজ শুরু করতে পারবেন।

**প্রশ্ন-৪। শেখ রাসেল অনলাইন কুইজ কিভাবে শেষ করবো?**
উত্তর: কুইজ-এর জন্য নির্ধারিত সময় অতিবাহিত হলে স্বয়ংক্রিয়ভাবে কুইজ শেষ হবে অথবা আপনি চাইলে **'সাবমিট করুন'** বাটনে ক্লিক করে শেষ করতে পারবেন।

**প্রশ্ন-৫। শেখ রাসেল অনলাইন কুইজ প্রতিযোগিতা ২০২২ এ পুনরায় অংশগ্রহণ করতে পারবো কিনা?**
উত্তর: না। আপনি একবার কুইজে অংশগ্রহণ করার পর পুনরায় অংশগ্রহণ করতে পারবেন না।

**প্রশ্ন-৬। কুইজে অংশগ্রহণের পূর্বে করণীয় বিষয় কী?**
উত্তর:

ক। ইন্টারনেট সংযোগ এবং ডিভাইস (মোবাইল/ল্যাপটপ/কম্পিউটার/ট্যাব) সঠিকভাবে কাজ করছে কিনা চেক করে নিন। প্রয়োজনে বিকল্প ডিভাইস ও ইন্টারনেট সংযোগ এর ব্যবস্থা রাখুন।

খ। কুইজ প্ল্যাটফর্মে (https://quiz.sheikhrussel.gov.bd) সঠিকভাবে লগইন করতে পারছেন কিনা যাচাই করে নিন।

গ। প্রোফাইল আপডেট সম্পন্ন করেছেন কিনা নিশ্চিত হয়ে নিন।

**প্রশ্ন-৭। কুইজ প্রতিযোগিতায় অংশগ্রহণের নিমিত্ত 'কুইজ শুরু করুন' কখন দেখা যাবে?**
উত্তর: কুইজ প্রতিযোগিতা যখন শুরু হবে অর্থাৎ 'ক' গ্রুপের ক্ষেত্রে-৩০ সেপ্টেম্বর ২০২২ সন্ধ্যা ০৭:০০টায় লগইন করার পর দেখা যাবে। একইভাবে 'খ' গ্রুপের ক্ষেত্রে ০১ অক্টোবর ২০২২ সন্ধ্যা ০৭:০০টায় লগইন করার পর দেখা যাবে।

**প্রশ্ন-৮। সার্টিফিকেট কিভাবে পাওয়া যাবে?**
উত্তর: ৫ অক্টোবর ২০২২ থেকে ৩০ অক্টোবর ২০২২ এর যে কোন সময় প্রোফাইল থেকে সার্টিফিকেট ডাউনলোড করা যাবে। শুধুমাত্র যারা কুইজে অংশগ্রহণ করেছেন তারাই সার্টিফিকেট পাবেন।
**প্রশ্ন-৯। শেখ রাসেল কুইজ প্রতিযোগিতায় কয়টি প্রশ্ন থাকবে?**
উত্তর: উভয় গ্রুপে ১০০টি করে প্রশ্ন থাকবে।

**প্রশ্ন-১০। কুইজ শুরু করার পর সময় গণনা কিভাবে শুরু হবে?**
উত্তর: **'কুইজ শুরু করুন'** বাটনে ক্লিক করা মাত্রই সময় গণনা শুরু হয়ে যাবে।

**প্রশ্ন-১১। সন্ধ্যা ৭টা থেকে রাত ৮টার মধ্যে যেকোনো সময় কি কুইজে প্রবেশ করা যাবে?**
উত্তর: হ্যাঁ। সন্ধ্যা ৭টা থেকে রাত ৮টার মধ্যে যেকোন সময় কুইজে অংশ নেওয়া যাবে।

**প্রশ্ন-১২। কুইজের রেজাল্ট কোথায় পাওয়া যাবে?**
উত্তর: ১৮ অক্টোবর ২০২২, শেখ রাসেল দিবস-এ বিজয়ীদের নাম ঘোষণা করা হবে এবং পরবর্তীতে sheikhrussel.gov.bd ওয়েবসাইট ও ICT Division, DoICT এবং Human Development Media এর ফেসবুক পেইজে শেয়ার করা হবে।

**প্রশ্ন-১৩। কুইজে একই পরিবারের একাধিক ব্যক্তি অংশ নিতে পারবে?**
উত্তর: নিবন্ধনের প্রেক্ষিতে সকলেই কুইজে অংশ নিতে পারবে।

**প্রশ্ন-১৪। কুইজে কোন নেগিটিভ মার্ক রয়েছে কিনা?**
উত্তর: না।

**প্রশ্ন-১৫। পরীক্ষার লিংক কি দুই গ্রুপের জন্য একই নাকি ভিন্ন ভিন্ন?**
**উত্তর:** একই।

**প্রশ্ন-১৬। নিবন্ধনের সময় তথ্য ভুল থাকলে সংশোধনের প্রক্রিয়া**
**উত্তর:** গ্রুপ, নিবন্ধনে ব্যবহৃত মোবাইল নাম্বার ও জন্ম তারিখ সংশোধন করা যাবে না। বাকি সকল তথ্য প্রোফাইলে লগ ইন করে পরিবর্তন করা যাবে।

**প্রশ্ন-১৭। লগইন পাসওয়ার্ড ভুলে গেলে করণীয় কী?**
উত্তর: নিবন্ধনকারীরা তাদের সংশ্লিষ্ট জেলা ও উপজেলায় নিযুক্ত তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের দায়িত্বপ্রাপ্ত প্রোগ্রামার ও সহকারী প্রোগ্রামারদের সাথে যোগাযোগ করে পাসওয়ার্ড রিসেট করে নিতে পারবেন।

**তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের দায়িত্বপ্রাপ্ত প্রোগ্রামার ও সহকারী প্রোগ্রামারদের সাথে যোগাযোগ করুন:**
**http://doict.gov.bd/site/view/officer_list_category/%E0%A6%9C%E0%A7%87%E0%A6%B2%E0%A6%BE%20%E0%A6%95%E0%A6%BE%E0%A6%B0%E0%A7%8D%E0%A6%AF%E0%A6%BE%E0%A6%B2%E0%A7%9F**